বানারীপাড়া ডিগ্রি কলেজ

স্থাপিত ঃ ১৯৮৪ খ্রিঃ
প্রতিষ্ঠাতা ঃ মোঃ মনিরুল ইসলাম মনি
বানারীপাড়া, বরিশাল

EIIN : 100657

কলেজ কোড, বোর্ড ঃ ২২৫০
জাতীয় বিশ্ববিদ্যালয় ঃ ১১১৬
+৮৮০ ১৩০৯-১০০৬৫৭

স্মারক নং ঃ

তারিখ ঃ ১২/১১/২০২৬ খ্রিঃ

দাতা ও হিতৈষী শ্রেণির সদস্য সংগ্রহ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বানারীপাড়া ডিগ্রি কলেজ, বানারীপাড়া, বরিশাল -এর শিক্ষা কার্যক্রমের মানোন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, শিক্ষার্থীদের কল্যাণ এবং প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের লক্ষ্যে দাতা ও হিতৈষী শ্রেণির সদস্য অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষানুরাগী, সমাজসেবক, দানশীল ব্যক্তি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের উন্নয়নে আগ্রহী বিত্তবান ব্যক্তিদের দাতা ও হিতৈষী শ্রেণির সদস্য হওয়ার জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো যাচ্ছে।

আগ্রহী ব্যক্তিগণকে নির্ধারিত যোগ্যতা, শর্তাবলি ও প্রযোজ্য বিধি অনুসরণপূর্বক আগামী ১১/১২/২০২৬ তারিখের মধ্যে কলেজের অধ্যক্ষের কার্যালয় থেকে আবেদনপত্র সংগ্রহ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

দাতা, হিতৈষী শ্রেণির সদস্য হওয়ার শর্তাবলী

"দাতা" সদস্য মনোনয়নের জন্য ন্যূনপক্ষে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বা তদুর্ধ অথবা সমমূল্যের সম্পদ কলেজকে এককালীন দান করবেন। দাতাগণ দাতা প্রতিনিধি নির্বাচনে আজীবন অংশগ্রহণ করতে পারবেন। তবে তাঁদের কোন উত্তরাধিকারীর এই অধিকার থাকবে না। নোটিশ প্রাদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উল্লিখিত বা তদুর্ধ অথবা সমমূল্যের সম্পদ কলেজকে এককালীন দান করিবেন। দানকৃত টাকা কলেজের অনূকুলে জেনারেল ফান্ডে জমা দিয়ে সদস্য হিসেবে তালিকাভুক্ত হবেন।

"হিতৈষী" সদস্য মনোনয়নের জন্য ন্যূনপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা কলেজকে দান করবেন। নোটিশ প্রাদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উল্লিখিত টাকা কলেজকে দান করিবেন। দানকৃত টাকা কলেজের অনূকুলে জেনারেল ফান্ডে জমা দিয়ে সদস্য হিসেবে তালিকাভুক্ত হবেন।

প্রতিষ্ঠানের শিক্ষা ও উন্নয়ন কার্যক্রমে আপনাদের আন্তরিক সহযোগিতা, অংশগ্রহণ ও পৃষ্ঠপোষকতা একান্তভাবে কাম্য।

১২.১১.২০২৬
মোসাম্মৎ আফরোজা বেগম
অধ্যক্ষ
বানারীপাড়া ডিগ্রি কলেজ
বানারীপাড়া, বরিশাল।
ইনডেক্স নং-৪৩০৬৫১